

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি. (ইউসিবি)

গাউছুল আজম এভিনিউ শাখা, ঢাকা।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, গাউছুল আজম এভিনিউ শাখা, উত্তরা, ঢাকা-এর ঋণ গ্রহীতা- মোঃ জোবাইল হোসেন ফারুক, পিতা- হাফিজ উদ্দিন আহমেদ, মাতা-হামিদা বানু, বর্তমান ও স্থায়ী ঠিকানা: গ্রাম/রাস্তা-জিরাবো, ডাকঘর-জিরাবো-১৩৪১, থানা-আশুলিয়া, জেলা-ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬/০৪/২০২৬ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট টাকা = ১,৩০,৭৪,৭২৩.২৭ (এক কোটি ত্রিশ লক্ষ চুয়াত্তর হাজার সাতশত তেইশ টাকা সাতাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

SCHEDULED PROPERTY REFERRED ABOVE

All that premises of One (01) flat/apartment being No. B-5 (South West Side). covering floor space measuring 2045 (Two Thousand Forty Five) Square feet on the 5th floor along with 01 (One) car parking space being No. 04. measuring 186.545 (One Hundred Eighty Six Point Five Four Five) Square feet on the ground floor. total space measuring 2231.545 (Two Thousand Two Hundred Thirty One Point Five Four Five) Square feet of the 10 (Ten) storied residential apartment building under name & style 'Seven Height along with the proportionate share of undivided & un-demarcated land measuring 89.76 (Eighty Nine Point Seven Six) ajutangsha equivalent to 0.544 katha out of the total land/project land measuring 09 Katha, 09 Chatak, 26 sft. equivalent to 15.84 (Fifteen Point Eight Four) decimal (more or less), together with all rights of use of common passage. access, stair ways. appurtenances and all other common facilities & connecting facilities, amenities and right of easements. etc. adjuncts to the said land & building. situated in District: Dhaka. Police Station: Uttara. Sub-Registry Office: Uttara. Mouza: Sabek Faidabad, Hale Uttara R/A. being Plot No. 28/A, Road No. 18. Sector No. 07. under the Lay Out Plan of Uttara Residential Model Town, prepared by erstwhile DIT at present Rajdhani Unnayan Kartripakkha [RAJUK] which corresponds to Mutation Jote No. 62/167 vide Mutation and Separation Case No. 528/21-22 dated 15.12.21; Which is butted and bounded by: On the North: Plot: On the South : Road:On the East : Plot: On the West : Road.

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২১.০৫.২০২৬ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, গাউচুল আজম এভিনিউ শাখা, উত্তরা, ঢাকা-এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, গাউচুল আজম এভিনিউ শাখা, উত্তরা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত পর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি করে আহ্বান করিতে পারিবেন।
- ৪। ১নং তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউসিবি, গাউচুল আজম এভিনিউ শাখা, উত্তরা ঢাকা।